

■■ যে সকল হারামকে মানুষ তুচ্ছ মনে করে থাকে

বিভাগ/অধ্যায়ঃ ১. শিক্

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

শিক্

আল্লাহর সঙ্গে শির্ক করা যে কোনো বিচারে সবচেয়ে বড় হারাম ও মহাপাপ। আবু বাকরা রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

«أَلاَ أُنْبِّنُكُمْ بِأَكْبَرِ الكَبَائِرِ؟» تَلاَثًا، قَالُوا: بَلَى يَا رَسُولَ اللَّهِ، قَالَ: «الإِشْرَاكُ بِاللَّهِ...»

"আমি কি তোমাদেরকে বৃহত্তম কবীরা গুনাহ সম্পর্কে অবহিত করব না (তিনবার)? সাহাবীগণ বললেন, অবশ্যই বলবেন, হে আল্লাহর রাসূল! তিনি বললেন, আল্লাহর সাথে শির্ক করা"।[1]

শির্ক ব্যতীত প্রত্যেক পাপের ক্ষেত্রেই আল্লাহ তা'আলার ক্ষমা প্রাপ্তির একটি সম্ভাবনা আছে। তাওবাই শির্কের একমাত্র প্রতিকার। আল্লাহ বলেছেন,

﴿إِنَّ ٱللَّهَ لَا يَغْاَفِرُ أَن يُشارَكَ بِهِ ؟ وَيَغْافِرُ مَا دُونَ ذَٰلِكَ لِمَن يَشَآءُ؟ ﴾ [النساء: ٤٨]

"নিশ্চয় আল্লাহ তার সঙ্গে কৃত শির্ককে ক্ষমা করবেন না। তাছাড়া যত গুনাহ আছে তা তিনি যাকে ইচ্ছা ক্ষমা করবেন"। [সূরা আন-নিসা, আয়াত: ৪৮]

এমন বড় শির্ক রয়েছে যা দীন ইসলাম থেকে খারিজ হয়ে যাওয়ার অন্যতম কারণ। এরূপ শির্ককারী ব্যক্তি যদি ঐ অবস্থায় মারা যায় তাহলে সে চিরস্থায়ী জাহান্নামী হবে।দুঃখজনক হলেও সত্য, অনেক মুসলিম দেশেই আজ শির্কের প্রাদুর্ভাব ছড়িয়ে পড়ছে।

>

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ৫৯৭৬; সহীহ মুসলিম, হাদীস নং ৮৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10029

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন